

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.১৬

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮
১৩ মার্চ ২০২২

অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাইড্রোকার্বন ইউনিটের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.১.১ কর্মসম্পাদন সূচক অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অংশ হিসেবে হাইড্রোকার্বন ইউনিটের সার্ভার ও কম্পিউটার Team Viewer Software ব্যবহার করে অফিসের বাইরে অবস্থানকালীন সময়ে জরুরী/প্রয়োজনীয় কার্য সম্পাদন ও সার্ভারে সংরক্ষিত তথ্য প্রাপ্তির লক্ষ্যে “Distance Work” শীর্ষক উদ্ভাবনী ধারণাটি গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো।

হাইড্রোকার্বন ইউনিট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক সংস্থা। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের চাহিদা অনুযায়ী নানাবিধ বিষয়ে তাৎক্ষণিক মতামত ও তথ্য প্রদান করা অত্র বিভাগের কার্যক্রমের অংশ। এছাড়াও মাসিক ও বার্ষিক বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত করতে বিভিন্ন ধরনের তথ্যের প্রয়োজন হয়।

বিদ্যমান প্রসেস অনুযায়ী অফিস সময়ের বাইরে কোনো তথ্যের প্রয়োজন হলে, তা তৎক্ষণাৎ পাওয়া সম্ভবপর হয় না। একান্ত প্রয়োজনে অফিসে এসে সংগ্রহ করতে হয়। যা সময় সাপেক্ষ এবং ব্যয়বহল। প্রস্তাবিত প্রসেস অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের সার্ভার ও কম্পিউটারে সংরক্ষিত তথ্য Team Viewer Software ব্যবহার করে অফিসের বাইরে অবস্থানকালীন যে কোনো সময়ে যে কোনো স্থান হতে কর্মকর্তাদের তথ্য প্রাপ্তি সম্ভব হবে।

বিদ্যমান ও প্রস্তাবিত প্রক্রিয়ার ফলাফল বিশ্লেষণ (তুলনামূলক)

সেবার বিদ্যমান প্রসেস ম্যাপ	সেবার প্রস্তাবিত প্রসেস ম্যাপ	অন্য কোন পরিবর্তন (যেমন গুণগত মানের পরিবর্তন)
মোট ধাপ (কতটি): ১২ সম্পূর্ণ জনবল (কতজন): ০২ সময় (ঘন্টা/দিন): ০১ দিন খরচ (কত টাকা): ১০০০ টাকা যাতায়াত (কতবার): ০১	মোট ধাপ (কতটি): ০৬ সম্পূর্ণ জনবল (কতজন): ০১ সময় (ঘন্টা/দিন): তাৎক্ষণিক খরচ (কত টাকা): ০০ টাকা যাতায়াত (কতবার): ০০	যে কোনো সময়ে যে কোনো স্থান হতে কর্মকর্তাদের তথ্য প্রাপ্তি সম্ভব হবে। অনেক কম সময় ও কম জনবলে মানসম্পন্ন কাজ হবে প্রয়োজন অনুযায়ী যতবার ইচ্ছা ব্যবহার করা যাবে। কোভিডকালীন সময়ের মত অফিস বন্ধ থাকলেও কার্যক্রম চলমান থাকবে।

২। সেবাটি বাস্তবায়নের জন্য এ আদেশ জারি করা হলো।

৩। অবিলম্বে এই আদেশ কার্যকর হবে।



১৫-৩-২০২২

আবুল খায়ের মোঃ আমিনুর রহমান

মহাপরিচালক

ফোন: ৮৩৯১০৭৫

ইমেইল: hcu@hcu.org.bd

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.১৬/১

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৮

১৩ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ২) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৬) সহকারী পরিচালক (অনুসন্ধান), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, উপ-পরিচালক (প্রশাসন ও আইসিটি), হাইড্রোকার্বন ইউনিট
- ৮) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।



১৫-৩-২০২২

আবুল খায়ের মোঃ আমিনুর রহমান

মহাপরিচালক